

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস, কুষ্টিয়া

স্মারকনং: তথ্য/কুষ্টিয়া/এপিএ-১/২০২১/ (৫৩)

তারিখ : ০১৭/০২/২০২১খ্রি.


আরএফকিউ পদ্ধতিতে কোটেশন বিজ্ঞপ্তি
(দরপত্র নং ০১/২০২০-২০২১)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কুষ্টিয়া জেলা তথ্য অফিস কর্তৃক কুষ্টিয়া পৌরসভার নিম্নবর্ণিত ৩টি স্থানে ১৫ফুট বাই১০ ফুট স্থায়ী ডিসপ্লে বোর্ডের ফ্রেম স্থাপনের জন্য প্রকৃত মেরামতকারি প্রতিষ্ঠান/ ওয়ার্কসপের নিকট থেকে পিপিএ - ২০০৬ (হালনাগাদ সংশোধিত) এবং পিপিআর - ২০০৮ (হালনাগাদ সংশোধিত) মোতাবেক আরএফকিউ পদ্ধতিতে সিডিউলে বর্ণিত বিবরণ ও শর্তসাপেক্ষে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

নং	স্থায়ী ডিসপ্লেবোর্ড ফ্রেম স্থাপনের স্থান	বিবরণ
১.	মজমপুর গেইট (কুষ্টিয়া-ঈশ্বরদী মহাসড়কের উত্তর পাশে)	০১। ১৫ ফুট বাই ১০ ফুট সাইজের সংযুক্ত ডিজাইন অনুযায়ী ষ্টিল দিয়ে নির্মাণ করতে হবে। ৪ ইঞ্চি ব্যাসের ২০ ফুট লম্বা লোহার পাইপের মুখটির নিচের অংশে ৪ফুট বাই ১.৫ ফুট বাই ১.৫ ফুট কংক্রিটের ঢালাই হবে। ফ্রেমের চার পাশে ২ ইঞ্চি বাই ২ ইঞ্চি এঞ্জেল (৫মি:মি:) মায়ের এঞ্জেলগুলি ১.৫ ইঞ্চি বাই ১.৫ ইঞ্চি (৪মি:মি:) এবং ২২ গেজি প্লেসিট দিয়ে ডিসপ্লে বোর্ডের ফ্রেম নির্মাণ কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং ফ্রেমে ভালভাবে রং করতে হবে যাতে মরিচা না ধরে। ০২। ফ্রেমে টান টান করে পিভিসি সাটানোর / পরিবর্তনের ব্যবস্থা থাকতে হবে। ০৩। ফ্রেমের নিচে ছোট করে (সংযুক্ত ডিজাইন অনুযায়ী) প্লেসিটে অফিসের নাম লেখার ব্যবস্থা রাখতে হবে।
২.	চৌড়হাস মোড় (রাজবাড়ী- কুষ্টিয়া মহাসড়কে মুকুল সংঘ বা: বিদ্যালয়ের গেটের পশ্চিম পাশে)	০৪. ঝড় -বৃষ্টিতে বা অন্য কোন কারণে ডিসপ্লে বোর্ড ভেঙ্গে গিয়ে যাতে চলাচলে/ জননিরাপত্তায় বিঘ্ন না ঘটে, বিষয়টি বিবেচনায় রেখে মজবুত খুঁটি দিয়ে ফ্রেম স্থাপন করতে হবে।
৩.	কোর্ট স্টেশন চত্বর	

দরপত্র প্রদানের শর্তাবলীঃ

- ০১। পিপিএ - ২০০৬ (হালনাগাদ সংশোধিত) এবং পিপিআর ২০০৮ (হালনাগাদ সংশোধিত) পদ্ধতিতে নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।
- ০২। সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান ও অনুশাসন মেনে ভ্যাট, আয়কর ও স্ট্যাম্প প্রদান করতে হবে।
- ০৩। দরপত্র সীলমোহরকৃত খামে আগামী ২৪/০২/২০২১ তারিখ বেলা ২.৩০ ঘটিকায় সিনিয়র তথ্য অফিসার(রপটন দা:) জেলা তথ্য অফিস, কুষ্টিয়া ও সদস্য সচিব, দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি এর কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ৩.৩০ ঘটিকায় দরপত্র মূল্যায়ন কমিটির সভায় উপস্থিত দরপত্র দাতার সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
- ০৪। খামের উপরে স্থায়ী ডিসপ্লে বোর্ড ফ্রেম নির্মাণ কোটেশন উল্লেখ করতে হবে।
- ০৫। দরপত্র স্ট্যান্ডার্ড রিকোয়েস্ট ফর কোটেশন ডকুমেন্ট ফর প্রকিউরমেন্ট গুডস (সিডিউল) মোতাবেক প্রস্তুত করতঃ দাখিল করতে হবে, যা ক্রয়কারীর দপ্তর (জেলা তথ্য অফিস, কুষ্টিয়া) হতে সংগ্রহ করা যাবে।
- ০৬। দরপত্রের সাথে অবশ্যই মেরামতকারি প্রতিষ্ঠানের হালনাগাদ ড্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র (টিআইএন নম্বর), ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দলিলাদি ও ব্যাংক সলভেন্সি সনদ জমা দিতে হবে।
- ০৭। বিলের অনুকূলে প্রদেয় ভ্যাট/ট্যাক্স দরপত্র দাতাকে বহন করতে হবে।
- ০৮। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গন্য হবে।
- ০৯। একক ও মোট দর কথায় ও অংকে উল্লেখ করতে হবে।
- ১০। দরপত্রে কোন রকম কাটাকাটি কিংবা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ১১। কার্যাদেশ দেয়ার ০৭(সাত) দিনের মধ্যে ডিসপ্লে বোর্ড স্থাপন করে বুঝিয়ে দিয়ে ২(দুই) কপি বিল দাখিল করতে হবে।
- ১২। দরপত্র অবশ্যই সিনিয়র তথ্য অফিসার(রপটন দা:) জেলা তথ্য অফিস, কুষ্টিয়া বরাবর দাখিল করতে হবে।
- ১৩। কোন কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(শিল্পী মডল)

সিনিয়র তথ্য অফিসার(রপটন দা:)
জেলা তথ্য অফিস, কুষ্টিয়া

ও

সদস্য সচিব, দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি।

ফোন: ০৭১-৭১১৫৮

বিতরণঃ

০১. জেলা প্রশাসক, কুষ্টিয়া এর নোটিশ বোর্ড-০১(এক)কপি।
০২. জেলা প্রা: শিক্ষা অফিস, কুষ্টিয়া এর নোটিশ বোর্ড-০১(এক)কপি।
০৩. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কুষ্টিয়া এর নোটিশ বোর্ড ০১(এক)কপি।
০৪.
০৫. অফিস নোটিশ বোর্ড - ০১(এক) কপি।